



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১১ মার্চ ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

### বাঘাইছড়িতে ইউপিডিএফ সদস্যকে হত্যার নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেল ইউনিটের সংগঠক শান্তি দেব চাকমা জেলার বাঘাইছড়িতে গতকাল শনিবার রাতে সেনাবাহিনীর মদদপুষ্ট সন্ত্রাসী কর্তৃক নতুন মনি চাকমা নামে এক ইউপিডিএফ সদস্যকে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

আজ রবিবার ১১ মার্চ ২০১৮ সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে উক্ত খুনের ঘটনাকে 'জঘন্য, বর্বরোচিত ও ন্যাক্কারজনক' আখ্যায়িত করে তিনি বলেন, 'সেনাবাহিনীর মদদপুষ্ট সন্ত্রাসী গ্রুপের নেতা সুদর্শন চাকমা, জ্ঞানজিত চাকমা, নবদীপ চাকমা ও তাদের পোঁতা চর (Planted agent) অমরতন চাকমা ওরফে দর্শনসহ কয়েকজন মিলে পরিকল্পিতভাবে নতুন মনি চাকমাকে খুন করা হয়েছে।'

ঘটনার বর্ণনা দিয়ে ইউপিডিএফ নেতা বলেন, 'দেড়বছর আগে জেএসএস সংস্কারবাদী গ্রুপ ত্যাগ করে ইউপিডিএফে যোগ দেয়া নতুন মনি চাকমা বঙ্গলতলি ইউনিয়নধীন বালুখালি গ্রামের নিজ বাড়িতে অমরতন চাকমা (দর্শন)সহ ঘুমোচ্ছিলেন। রাত ১১টার দিকে অমরতন চাকমা কিছু একটা বলে তাকে ঘরের বাইরে কিছু দূর নিয়ে যায়। এরপর সেখানে আগে থেকে অপেক্ষমান সেনা মদদপুষ্ট সন্ত্রাসী সুদর্শন চাকমা, জ্ঞানজিত চাকমা ও নবদীপ চাকমাসহ ১০-১২ জন মিলে তাকে দা দিয়ে কুপিয়ে মেরে ফেলে পালিয়ে যায়।'

বিলাইছড়িতে দুই মারমা বোনকে ধর্ষণ ও চাকমা রাণীর ওপর হামলার বিচারসহ বিভিন্ন দাবিতে ইউপিডিএফের নেতৃত্বে পরিচালিত চলমান গণ আন্দোলনকে ভিন্নধাতে প্রবাহিত করার হীন উদ্দেশ্যে পরিকল্পিতভাবে উক্ত খুনের ঘটনা সংঘটিত করা হয়েছে বলে শান্তি দেব চাকমা মন্তব্য করেন।

তিনি পার্বত্য চট্টগ্রামে সেনাবাহিনীর লেলিয়ে দেয়া 'জুম্ম রাজাকারদের' প্রতি হুঁশিয়ারী উচ্চারণ করে বলেন, খুন, গ্রেফতারসহ দমনপীড়ন চালিয়ে ইউপিডিএফের আন্দোলনকে স্তব্ধ করা যাবেনা, বরং সেনাবাহিনীর লেলিয়ে দেয়া সন্ত্রাসী, দালাল ও প্রতিক্রিয়াশীলরাই গণ আন্দোলনের মুখে চিরতরে নিশ্চিহ্ন হয়ে যাবে।

ইউপিডিএফ নেতা অবিলম্বে নতুন মনি চাকমার খুনীদের গ্রেফতার ও শান্তি এবং সন্ত্রাসীদের দিয়ে পরিচালিত খুন, অপহরণ ও নৈরাজ্য বন্ধ করার জন্য সরকারের প্রতি জোর দাবি জানান।

বার্তা প্রেরক

নিরনচাকমা

প্রচার ও প্রকাশনাবিভাগ

ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)